



সংসদে ন্যায় প্রতিষ্ঠিত হলে দেশেও তা ছড়িয়ে পড়বে: জামায়াত আমির



বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

সংসদে ন্যায়বিচার প্রতিষ্ঠা করা গেলে তার প্রভাব পুরো দেশেই পড়বে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান।

রোববার (২৯ মার্চ) বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের মূলতবি অধিবেশনে বক্তব্য দিতে গিয়ে তিনি এ কথা বলেন। তিনি বলেন, সংসদকে সব কার্যক্রমের কেন্দ্রবিন্দুতে পরিণত করতে হবে। এখানে ন্যায় ও ইনসাফ প্রতিষ্ঠিত হলে তা স্বাভাবিকভাবেই রাষ্ট্রজুড়ে প্রতিফলিত হবে।

এর আগে বিকেল ৩টায় সংসদের মূলতবি অধিবেশন শুরু হয়। স্পিকারের অনুপস্থিতিতে অধিবেশনের সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল।

অধিবেশনের শুরুতে স্পিকারের স্ত্রী এবং যশোর-৬ আসনের সংসদ সদস্যের মায়ের আত্মার শান্তি কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

উল্লেখ্য, গত ১৫ মার্চ ত্রয়োদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন ২৯ মার্চ বিকেল ৩টা পর্যন্ত মূলতবি করা হয়েছিল। সেই সিদ্ধান্ত ঘোষণা করেছিলেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।